# Business Squad

পরীক্ষার নাম: GST Accounting Test-07
সময়: ১৫ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 20 টি | মোট নম্বর: 20 × 1 = 20
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) চুক্তির অবর্তমানে অংশীদাররা কোনটি দাবি করতে পারে? (Accounting)
A). বেতন
B). ঋণের সুদ
C). মূলধনের সুদ
D). কমিশন
সঠিক উত্তরঃ B). ঋণের সুদ,

2) প্রতি সপ্তাহের শেষে ৬২ টাকা উত্তোলন করা হলে ৭% হারে উত্তোলনের সুদ কত হবে? (Accounting)
A). ৬৬.৩৪ টাকা
B). ৪৩৪.০০ টাকা
C). ১১০.৬৭ টাকা
D). ১২৪.০০ টাকা
সঠিক উত্তরঃ C). ১১০.৬৭ টাকা,

3) অংশীদারি কারবারের মুনাফা বণ্টন করতে হয় (Accounting)
A). মূলধন অনুপাতে
B). চুক্তি অনুযায়ী
C). সমান হারে
D). কোনোটিই নয়
সঠিক উত্তরঃ B). চুক্তি অনুযায়ী,

ক ও খ দুইজন অংশীদার। তারা সমান অনুপাতে মুনাফা বণ্টন করে। গ ভবিষ্যতে মুনাফার ২০% মুনাফার অংশীদারিত্বে কারবারে যোগদান করে।

4) ক, খ এবং গ এর নতুন মুনাফার অনুপাত কত? (Accounting)
A). ৩:২:১
B). ১:১:১
C). ২:২:১
D). ১:২:২
সঠিক উত্তরঃ C). ২:২:১,

5) স্থিতিশীল পদ্ধতিতে মূলধন হিসাব রাখা হলে অংশীদারদের বেতন, মূলধনের সুদ, কমিশন নিম্নোক্ত কোন হিসাবে হিসাবভুক্ত হবে? (Accounting)
A). লাভ-ক্ষতি হিসাব
B). মূলধন ও আবণ্টন হিসাব
C). মূলধন হিসাব
D). আবণ্টন ও চলতি হিসাব
সঠিক উত্তরঃ D). আবণ্টন ও চলতি হিসাব,

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।

ক ও খ কারবারের মুনাফা ২:১ অনুপাতে নিয়ে থাকে। তাদের মূলধনের সমাপনী জের যথাক্রমে ১,৭০,০০০ টাকা ও ১,১০,০০০ টাকা। বছর শেষে নিট লাভ ৪৫,০০০ টাকা।

6) ক ও খ-এর প্রারম্ভিক মূলধন কত? (Accounting)

A). ২,১০,০০০ টাকা ও ১,১৫,০০০ টাকা

B). ৯৫,০০০ টাকা ও ১,৪০,০০০ টাকা

C). ১,৪০,০০০ টাকা ও ৯৫,০০০ টাকা

D). ২,০০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা

সঠিক উত্তরঃ C). ১,৪০,০০০ টাকা ও ৯৫,০০০ টাকা,

7) উত্তোলনের সুদ ধার্য করার ক্ষেত্রে চুক্তির অবর্তমানে কোনটি সঠিক? (Accounting)

A). ৬% হারে

B). ৫% হারে

C). ১০% হারে

D). সুদ ধার্য করা হবে না

সঠিক উত্তরঃ D). সুদ ধার্য করা হবে না,

A, B ও C একটি অংশীদারি কারবারের অংশীদার। A-এর মূলধন ২,৫০,০০০, B-এর মূলধন ৩,২০,০০০ ও C-এর মূলধন ৩,৮০,০০০। C ব্যবসায় পরিচালনা বাবদ ৬০,০০০ টাকা বেতন পাবে।

8) বছরান্তে ২,৩০,০০০ টাকা লাভ হলে, বছর শেষে **C** মোট কত টাকা পাবে? (Accounting)

A). ৪৮,০০০ টাকা

B). ১,৪০,০০০ টাকা

C). ১,১০,০০০ টাকা

D). ৯৬,৬০০ টাকা

সঠিক উত্তরঃ C). ১,১০,০০০ টাকা,

অনু ও তনু দুই অংশীদার একটি অংশীদারি কারবারে ৩:২ হারে লাভ-ক্ষতি বণ্টন করে। ২০১০ সালের ১ জানুয়ারি তাদের প্রারম্ভিক মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০ ও ৫০,০০০ টাকা। চুক্তি অনুসারে অংশীদাররা প্রারম্ভিক মূলধনের উপর ১০% সুদ পাবে এবং তনু মাসিক ১,০০০ টাকা বেতন পাবে। ২০১০ সালে কারবারটি ২,০০,০০০ টাকা মোট মুনাফা করে। পরিচালনা খরচ হলো ৭০,০০০ টাকা ও অনান্য খরচ ৫,০০০ টাকা।

9) ২০১০ সালের বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ কত? (Accounting)

A). ১,২৫,০০০ টাকা

B). ১,১৮,০০০ টাকা

C). ১,৩০,০০০ টাকা

D). ১,০০,০০০ টাকা

সঠিক উত্তরঃ D). ১,০০,০০০ টাকা,

নিপা, দিপা,ও রীপা তাদের লাভ-ক্ষতি ৪:৩:২ হারে বন্টণ করে।দিপা এর অবসর গ্রহণের ফলে তাদের নতুন অনুপাত দাড়ায়।৩:২

10) তাদের লাভের অনুপাত কত? (Accounting)

A). ৬:৭

B). ৭:৮

C). ৫:৬

D). ৩:২

সঠিক উত্তরঃ B). ৭:৮,

Business Squad

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।

11) অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধন তহবিল বলতে বোঝায় (Accounting)
A). একটি নির্দিষ্ট কালের আয় ও ব্যয়ের পার্থক্য
B). একটি নির্দিষ্ট কালের নগদ গ্রহণ ও পরিশোধের পার্থক্য
C). একটি নির্দিষ্ট কালের সম্পত্তি ও দায়ের পার্থক্য
D). একটি নির্দিষ্ট দিনের সম্পত্তি ও দায়ের পার্থক্য
সঠিক উত্তরঃ D). একটি নির্দিষ্ট দিনের সম্পত্তি ও দায়ের পার্থক্য,

12) নিচের কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের বিশেষ তহবিলের উদাহরণ নয়? (Accounting)
A). উন্নয়ন তহবিল
B). আপ্যায়ন তহবিল
C). মূলধন তহবিল
D). টুর্নামেন্ট তহবিল
সঠিক উত্তরঃ C). মূলধন তহবিল,

13) আজীবন সদস্যের চাঁদা একটি (Accounting)
A). মুনাফাজাতীয় আয়
B). মূলধনজাতীয় আয়
C). সম্পদ
D). মুনাফাজাতীয় ব্যয়
সঠিক উত্তরঃ B). মূলধনজাতীয় আয়,

14) প্রাপ্তি ও প্রদান হিসাব সাধারণত প্রকাশ করে (Accounting)
A). ডেবিট জের
B). ক্রেডিট জের
C). যে-কোনো জের
D). কোনোটিই নয়
সঠিক উত্তরঃ A). ডেবিট জের,

15) অব্যবসায়ী প্রতিষ্ঠানে অগ্রিম চাঁদা প্রাপ্তি (Accounting)
A). একটি সম্পদ
B). একটি ব্যয়
C). একটি আয়
D). একটি দায়
সঠিক উত্তরঃ D). একটি দায়,

16) অনুদান প্রাপ্তি কোন জাতীয় লেনদেন? (Accounting)
A). মুনাফাজাতীয় আয়
B). মূলধনজাতীয় আয়
C). মুনাফাজাতীয় ব্যয়
D). মূলধনজাতীয় ব্যয়
সঠিক উত্তরঃ B). মূলধনজাতীয় আয়,

Business Squad

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।

17) নিচের কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয়ে বিবেচিত হবে না? (Accounting)
A). প্রারম্ভিক নগদ তহবিল
B). সমাপনী নগদ তহবিল
C). বিগত বছরের বকেয়া বেতন
D). বিগত বছরের অনাদায়ী চাঁদা
সঠিক উত্তরঃ B). সমাপনী নগদ তহবিল,

একটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের সদস্য সংখ্যা ২৫০ জন। তাদের মাসিক চাঁদা ১০ টাকা। ২০২৩ সালে ৩০ জন সদস্য তাদের চাঁদা পরিশোধ করেনি।

18) ২০২৩ সালের আয়-ব্যয় হিসাবে কত টাকা চাঁদা খাতে আয় দেখানো হবে? (Accounting)
A). ২৫,০০০ টাকা
B). ২৭,০০০ টাকা
C). ৩০,০০০ টাকা
D). ৩২,০০০ টাকা
সঠিক উত্তরঃ C). ৩০,০০০ টাকা,

বিগত বছরের বকেয়া বেতন ১,৫০০ টাকা সমন্বয়ের পর আয়-ব্যয় হিসাবে বেতন ব্যয় বাবদ ৭,০০০ টাকা দেখানো হয়েছে।

19) প্রাপ্তি ও প্রদান হিসাবে বেতন বাবদ প্রদান দেখানো হয়েছিল (Accounting)
A). ৫,৫০০ টাকা
B). ৭,০০০ টাকা
C). ৮,০০০ টাকা
D). ৮,৫০০ টাকা
সঠিক উত্তরঃ D). ৮,৫০০ টাকা,

একটি সংঘের সদস্য সংখ্যা ৫০ জন। চাঁদার হার প্রতি মাসে ৬০ টাকা। ১৫ জন সদস্য চলতি বছরের ও ৩ মাসের চাঁদা প্রদান করেনি।

20) এ বছর আয়-ব্যয় হিসাবে চাঁদা বাবদ কত টাকা দেখাতে হবে? (Accounting)
A). ৩৬,০০০ টাকা
B). ৩৩,৩০০ টাকা
C). ৩৮,৭০০ টাকা
D). ৩,০০০ টাকা
সঠিক উত্তরঃ A). ৩৬,০০০ টাকা,

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।